

## উচ্চ বিদ্যালয় প্রসংসাপত্র (HSC) অর্জনে ন্যূনতম মানসম্পন্ন ফলাফল কীভাবে করা যায় সেই বিষয়ে পিতামাতার সাথে সাক্ষাতের অনুরোধপত্র

Name of student

ছাত্রের নাম

Name of parent

পিতা/মাতার নাম

Date for meeting

সাক্ষাতের তারিখ

প্রিয় পিতা-মাতা/কেয়ারার

HSC সর্বনিম্ন মান সম্পর্কে আপনাকে স্মরণ করিয়ে দিতে আমি এই চিঠি লিখছি। HSC -এর প্রসংসাপত্র অর্জনের জন্য শিক্ষার্থীদের স্বাক্ষরতা এবং গনিতে ন্যূনতম মান অবশ্যই অর্জন করতে হবে। পড়া, লেখা এবং গনিতের অনলাইন পরীক্ষার মাধ্যমে সর্বনিম্ন মানদণ্ড নির্ধারিত হয়।

এই পর্যায়ে আপনার সন্তান এখনও HSC ন্যূনতম মান অর্জন করতে সক্ষম হয়নি আর তাই HSC প্রসংসাপত্র না পাওয়ার ঝুঁকিতে রয়েছে।

আপনার সন্তান নিম্নোক্ত বিষয়ে মানসম্মত ফলাফল অর্জন করতে পারেনিঃ

Reading

পড়া

Numeracy

গনিত

Writing

লেখা

আমি আপনার সন্তানকে HSC -এর সর্বনিম্ন মান অর্জনের প্রতিটি সুযোগ দিতে চাই এবং এটি অর্জনে তাকে সমর্থন করার জন্য আপনাকেও সুযোগ দিতে চাই।

আমি আপনাকে উপরে বর্ণিত তারিখে আয়োজিত একটি আলোচনা সভায় আমন্ত্রণ জানাতে চাই যেখানে আপনি, আপনার সন্তান এবং স্কুল একসাথে আপনার সন্তানের শিক্ষার পরিকল্পনা নিয়ে আলোচনা করতে পারে। আলোচনায় HSC পরীক্ষায় অংশগ্রহণ সম্পর্কে আপনার সন্তানের চিন্তাভাবনা, স্বাক্ষরতা এবং গনিত বিষয়ের উপর কি ধরনের সাহায্যমূলক সমর্থন রয়েছে এবং স্কুল পরবর্তী পছন্দগুলো অন্তর্ভুক্ত থাকবে। এই আলোচনায় আপনার অংশগ্রহণ খুব গুরুত্বপূর্ণ।

HSC -এর সর্বনিম্ন মানসম্পন্ন পরীক্ষার ফলাফল NSW শিক্ষা স্ট্যান্ডার্ড অথোরিটির (NESA) ওয়েবসাইটে আপনার সন্তানের [Student Online](#) (ছাত্র অনলাইন) অ্যাকাউন্টে পাওয়া যায়। সভায় এই ফলাফলের একটি অনুলিপি আমাদের কাছে থাকবে।

যদি আপনি এই সাক্ষাতে একজন দোভাষীর প্রয়োজন মনে করেন, দয়া করে স্কুলের সাথে যোগাযোগ করুন যারা দোভাষী ব্যবস্থা করবে যদি পাওয়া যায়।

### টেলিফোন দোভাষী সেবা

স্কুলের সাথে যোগাযোগের জন্য যদি আপনার একজন দোভাষীর সহায়তা প্রয়োজন হয়, দয়া করে টেলিফোন দোভাষী সেবায় 13 14 50 নম্বরে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন। অপারেটর স্কুলে কল করবে এবং আপনার কথায় সহায়তার জন্য একজন দোভাষী আপনার লাইনে দিবে। এই সেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।

আপনার বিশ্বস্ত

অধ্যক্ষ (Principal)

HSC -এর সর্বনিম্ন মানদণ্ড নীতি সম্পর্কিত আরও তথ্য NESA ওয়েবসাইটে পাওয়া যাবে

<https://educationstandards.nsw.edu.au/wps/portal/nesa/11-12/hsc/hsc-minimum-standard>